

ইলেক্ট্রনিক টোল কালেকশন সিস্টেম (ইটিসি)

দেশের অর্থনৈতিক উন্নয়ন কার্যকর যোগাযোগ ব্যবস্থার সাথে ওতপ্রোতভাবে জড়িত। বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণ ও 'ডিজিটাল বাংলাদেশ' বাস্তবায়নকে বিবেচনায়ে রেখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ টোল আদায়ের বিদ্যমান পদ্ধতি স্বচ্ছ, যুগোপযোগী ও আধুনিক করার লক্ষ্যে যুগান্তকারী পদক্ষেপ হিসেবে টোল প্লাজায় সর্বপ্রথম আরএফআইডি ট্যাগ ভিত্তিক ইলেক্ট্রনিক টোল কালেকশন (ইটিসি) পদ্ধতি ২০১৯ সালের ৩০শে এপ্রিল থেকে চালু করেছে।

ইলেক্ট্রনিক টোল কালেকশন (ইটিসি) বা বা স্বয়ংক্রিয় টোল সংগ্রহ ব্যবস্থা এমন একটি ডিজিটাল প্রযুক্তি যা বাধাহীনভাবে যানবাহনকে টোল প্রদানের জন্য টোল প্লাজা অতিক্রম নিশ্চিত করে। টোল প্লাজায় টোল ফি আদায়ে এটি অত্যন্ত দক্ষ এবং কার্যকর উপায়। বিশ্বজুড়ে ইটিসি গ্রহণযোগ্য হয়ে ওঠার অন্যতম মূল কারণ হল এ পদ্ধতিতে গাড়িচালকদের নগদ অর্থ বহনের প্রয়োজন না থাকা।

ইটিসি ব্যবহারের উল্লেখযোগ্য সুবিধা হল:


বাধাহীন ভাবে টোল প্রদান হেতু স্বল্প সময়ে গন্তব্যে গমন
টোল প্লাজার নিকটস্থ যানজট হ্রাস
জালানী সাশ্রয়
সময় সাশ্রয়
মহাসড়কের সক্ষমতা বৃদ্ধি
নগদ বহনের ঝামেলাবিহীন
যানবাহনের ধোঁয়া নির্গমন কমিয়ে পরিবেশের অবক্ষয় হ্রাস
সরকারের রাজস্ব সঠিক পরিমাণে তহবিলে জমা
টোল সংগ্রহ ব্যবস্থায় স্বচ্ছতা নিশ্চিতকরণ
গাড়ির পরিচালন ব্যয় হ্রাস
টোল প্লাজায় জনবল হ্রাস
টোল আদায়ে বিলম্ব হ্রাসজনিত কারণে বর্ধিত হারে টোল আদায়

ইটিসি চালুকৃত টোল প্লাজা সমূহ :

মেঘনা সেতু , নারায়নগঞ্জ
গোমতী সেতু , কুমিল্লা
সৈয়দ নজরুল ইসলাম (ভৈরব) সেতু, নরসিংদী
লালন শাহ (পাকশী)সেতু , পাবনা
খান জাহান আলী (রূপসা) সেতু , খুলনা
শাহ আমানত (কর্ণফুলী) সেতু , চট্টগ্রাম
আত্রাই টোল প্লাজা , নাটোর
শহীদ ময়েজউদ্দিন (ঘোড়াশাল) সেতু , নরসিংদী
চরসিন্দুর সেতু , নরসিংদী
পায়রা সেতু , বরিশাল
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মহাসড়ক , মুন্সীগঞ্জ

এ পদ্ধতিতে গাড়ির সামনের আয়নার উপরিভাগে সংযুক্ত রেডিও ফ্রিকোয়েন্সি আইডেন্টিফিকেশন বা আরএফআইডি ট্যাগের সাথে টোলগেটের এন্টেনার সংকেতের মাধ্যমে টোল আদায় করা হয়ে থাকে। মোটরযান টোলপ্লাজা পার হবার সময় স্বয়ংক্রিয় ভাবে নির্ধারিত

টোল কর্তন হয় ব্যাংক হিসাব হতে। টোল আদায়ের পরপরই ক্ষুদ্রে বার্তার মাধ্যমে গ্রাহককে জানিয়ে দেয়া হয় টোল আদায় এবং ব্যাংক হিসাব থেকে কর্তনের সর্বশেষ তথ্য। ইটিসি সেবা গ্রহনের জন্য যানবাহনকে এর আগে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হয়।



আরএফআইডি ভিত্তিক ইটিসির কার্যপ্রণালী

বর্তমানে অ্যাপ এর মাধ্যমে টোল প্লাজা অতিক্রমে রেজিস্ট্রেশন সম্পন্ন করা হচ্ছে। ফলে গ্রাহক তার বাড়িতে বসে অনলাইনে গাড়ির তথ্যাদি সহ ব্যক্তিগত তথ্য আপলোড করার মাধ্যমে নিজেই রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পারেন। এ পদ্ধতিতে টোল প্লাজার যেটি গ্রাহক অতিক্রম করতে চান সেটিতে ক্লিক করে তার গাড়ীর ধরন অনুযায়ী টোল নীতিমালা কতুক নির্দিষ্টকৃত টোলহার পরিশোধপূর্বক অনায়াসে ইটিসির জন্য পৃথককৃত লেন দিয়ে টোল প্লাজা অতিক্রম করতে পারেন। টোল প্লাজা অতিক্রমের পর এসএমএসের মাধ্যমে টোল হার কর্তনের তথ্য এবং ব্যালাপ তাৎক্ষনিকভাবে গ্রাহককে জানিয়ে দেয়া হয়। টোলকার্ডে ব্যালেন্স না থাকলে ইটিসি লেন ব্যাতিত অন্য লেনে প্রবেশপূর্বক গ্রাহক ম্যানুয়াল পদ্ধতিতে টোল পরিশোধ করতে পারেন।

ইলেকট্রনিক টোল কালেকশন (ETC) সিস্টেমকে জনপ্রিয় করে তুলতে ১০% অর্থ ছাড়ের বিষয়ে প্রচার প্রচারণা অব্যাহত রয়েছে। বিদ্যমান এই পদ্ধতিটি টেকসই হওয়ায় পর্যায়ক্রমে অন্যান্য সেতুতে ইটিসি চালু করার প্রক্রিয়া সহ ভবিষ্যতে পদ্ধতিটির অধিকতর সংস্কার সাধনের লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রয়েছে। এ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হলে ইটিসি লেন ব্যবহারে জনগণ উৎসাহী হবে বলে আশা করা যায়। গ্রাহকসেবা অধিকতর সহজ করার জন্য এবং একজন গ্রাহক যেন যে কোন একাউন্ট থেকে সহজে টোল পরিশোধ করতে পারেন সেজন্য টোল প্লাজাসমূহে ইলেকট্রনিক টোল কালেকশন (ইটিসি) লেন ব্যবহারে সরকারি ই-পেমেন্ট প্রসেসর **Ek-Pay** (এক-পে) প্ল্যাটফর্ম চালু এটুআই এর মাধ্যমে সম্পন্ন করার নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়াও আগামী ৩০ অক্টোবরের পর কোন ছোট গাড়ী ইটিসি লেন ব্যবহার ব্যতীত টোল প্লাজা অতিক্রম করতে পারবে না মর্মেও সিদ্ধান্ত হয়, যা পরবর্তীতে বাস/ট্রাকের ক্ষেত্রেও প্রযোজ্য হবে। সরকারি পেমেন্ট প্রসেসর **Ek pay** প্রায় ৪০ টির মত সরকারি সেবা প্রদান করে আসছে। এই পেমেন্ট প্রসেসর ব্যবহারের মাধ্যমে পেমেন্ট এর টাকা স্বল্প সময়ের মধ্যে বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত কোডে জমা হয়ে যায়। এটুআই এর সাথে সকল মোবাইল ব্যাংকিংসহ ডেবিট/ক্রেডিট কার্ড এবং সরকারি বেসরকারি ব্যাংক যুক্ত রয়েছে। এক্ষেত্রে কোনো সার্ভিস চার্জ প্রযোজ্য হবে না। তবে কার্ডের ক্ষেত্রে সার্ভিস চার্জ বরাবরের মতই গ্রাহক কর্তৃক প্রদেয় হবে। ইতোমধ্যে মেঘনা-গোমতী টোল প্লাজায় (**Ekpass**) একপাস এর পাইলটিং কার্যক্রম সম্পন্ন হয়েছে। একপাস এর মাধ্যমে টোল প্রদানের সুযোগ রাখার পাশাপাশি জনসাধারণের সুবিধার্থে সকল মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে সরাসরি টোল প্রদানের সুযোগ রাখার বিষয়ে ও সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এসকল কার্যক্রম সম্পন্ন হলে রাজস্ব আদায়ে গতিশীলতা আসবে মর্মে আশা করা যায়।